গাংনীর সাহারবাটি দাতব্য সংগঠনের উদ্যোগে রাস্তা মেরামত

গাংনীর সাহারবাটি জনকল্যাণ মূলক দাতব্য সংস্থার উদ্যোগে সাহারবাটি ক্লাব পাড়া থেকে গাড়াডোব রাস্তার নওদা পাড়ার মানুষের সেচ্ছাশ্রমের মাধ্যমে রাস্তা সংস্কার কাজ চলমান রয়েছে।

আজ সোমবার সকালে স্বেচ্ছাসেবক মূলক সংগঠন দাতব্য সংস্থার সভাপতি শাহীনের নেতৃত্বে সংগঠনের সকল সদস্য ও স্থানীয় মানুষদের নিয়ে রাস্তা সংস্কারের কাজে নিয়োজিত হয়ে পড়েন। রাস্তাটি জলাবদ্ধতা ও ভাঙাচোরা কারণে যান চলাচলের অনুপোযোগী হয়ে পড়ে।

স্থানীয় জনগণ ও পথচারীদের দুর্দশা দেখে স্বেচ্ছাসেবক মূলক সংগঠন দাতব্য সংস্থা তাদের নিজ অর্থায়নে রাস্তার বিভিন্ন অংশে খানাখন্দক ভরাট করে দেন।

এসময় সংগঠন টির সভাপতি শাহিনুজ্জামান ও অধ্যক্ষ বাবুল হোসেন সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সংগঠনের এই কর্মকাণ্ডে এলাকার সুধীমহল তাদের প্রতি কৃতজ্ঞতা সাধুবাদ জানিয়েছে।

আপডেট:: মেহেরপুরে স্বাস্থ্য কর্মকর্তা ও প্রকৌশলীসহ নতুন ৩ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা রিয়াজুল আলমসহ তিনজন করোনায় আক্রান্ত হয়েছেন।

রবিবার সন্ধ্যা ৭টায় এ তথ্য নিশ্চিত করেছেন মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার মোঃ নাসির উদ্দিন। অন্য আক্রান্তরা হলেন গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের প্রকৌশলী মোঃ জাকির হোসেন ও মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের জেসমিন খাতুন এক মহিলা।

মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন জানান, শনিবার ২২ জনের নমুনা সংগ্রহ করে কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয়। সেখান থেকে তিনজনের করানো পজেটিভ নিশ্চিত করা হয়। এছাড়া গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের আলামিন হোসেনের নমুনা সংগ্রহ করে পুনরায় পরীক্ষার জন্য পাঠানো হলে তার করোনা পজিটিভ পাওয়া যায়।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম জানান, তিনি বর্তমানে সুস্থ আছেন। আতঙ্কিত না হয়ে সকলকে সচেতন হওয়ার আহবান জানান।

মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন জানান, গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম করোনায় আক্রান্ত হওয়ায় বিধি অনুযায়ী অন্য সহকর্মীদের হোম কোয়ারেন্টাইন করা হবে।

মেহেরপুরে ভিডিটি’র করোনা মোকাবেলা বিষয়ক আলোচনা সভা

মেহেরপুর জেলার গাংনীতে ভিডিটি এর উদ্যোগে সচেতনতা মুলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে মটমুড়া ইউনিয়নের ১নং ওয়ার্ড নওদা পাড়ায় এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

করোনা মোকাবেলায় গ্রামীন জনগোষ্ঠীকে সচেতন ও সার্বিক সুবিধা দেওয়া, পতিত জমিতে বৃক্ষরোপণ ও কৃষককে বেশি বেশি খাদ্যশস্য চাষে উদ্ধুদ্ধ করন, করোনা দূর্যোগ চলাকালীন সময়ে গ্রামে নিয়মিত

জীবাণুনাশক ব্লিচিং পাউডার স্প্রে, মাইকিং, জনসাধারণ কে মাস্ক ব্যবহারে উদ্ধুদ্ধ করা, ইউনিয়ন পরিষদের সাথে হতদরিদ্রদের তালিকা সমন্বয় করে ত্রান পেয়ে সহয়তা করা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়।

এ লক্ষে জামাল উদ্দিন -কে সভাপতি ও মোঃ পারভেজ হোসেন কে সম্পাদক করে ০৮ সদস্য বিশিষ্ট করোনা প্রতিরোধ কমিটিও গঠন করা হয়।

গাংনীতে গলায় ফাঁস দিয়ে নারীর আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার গ্রামের পরিষ্কার বেগম নামের এক নারী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। রবিবার সকাল নটার সময় নিজ ঘরের আর সাথে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায় জুগিন্দা গ্রামের লিয়াকতের স্ত্রী বেগম
(৪০) বিভিন্ন এনজিও সংস্থা কর্তৃক ঋণ গ্রস্ত হওয়া এবং শারীরিক অসুস্থতা নিয়ে দিন যাপন করছিলেন।

একদিকে কিস্তির টাকা জোগাড় অন্যদিকে শারীরিক অসুস্থতা কারণে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করে। সকাল নটার সময় পরিষ্কার বেগমের ছোট মেয়ে লাকি খাতুন মায়ের ঝুলন্ত লাশ দেখে চিৎকার দিলে প্রতিবেশীরা পুলিশকে খবর দেয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন। গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম জানান এ বিষয়ে একটি অপমৃত্যু মামলা হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কর্মকতাসহ আরও তিন জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় নতুন করে চার জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে। গাংনী উপজেলা স্বাস্থ্য কর্মকতা ডা. রিয়াজুর আলম সহ নতুন করে মোট তিনজন আক্রান্তের খবর নিশ্চিত করেছেন সিভিল সার্জন। রবিবার কুষ্টিয়া পিসিআর ল্যাব থেকে ২২টি প্রাপ্ত রিপোর্টে ৪ জন পজিটিভ হয়েছেন।

সিভিল সার্জন জানান, কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে প্রাপ্ত ২২টি রিপোর্টের মধ্যে ৪ টি কোভিড-১৯ পজেটিভ পাওয়া গেছে। এর মধ্যে ৩টি নতুন ও ১ টি পুরাতন পজিটিভ কেইস।

এ নিয়ে আজ ১৫ টি সহ সর্বমোট ১৩৬০ টি নমুনা পরীক্ষা করে এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ১২২৫টি এর মধ্যে ৩০ জনের পজিটিভ রিপোর্ট পাওয়া গেছে, বাকি ১১৯৫ টি নেগেটিভ।

প্রসঙ্গত, জেলায় ৩০ জন করোনা রোগীর মধ্যে ৭ জন সুস্থ হয়েছেন। ২ জন মারা গেছেন। এখন ১৯ জন নিজ নিজ বাড়িতে চিকিৎসাধীন রয়েছেন।

গাংনীর কাথুলীতে চাচাতো মামার লালসার শিকার প্রতিবন্ধী ভাগ্নে

মেহেরপুরের গাংনীতে চাচাতো মামার লালসার শিকারে ৩ মাসের অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে এক মানসিক প্রতিবন্ধী ভাগ্নে(১৪)।

গাংনীর কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলাগ্রামে ঘটনাটি ঘটেছে। ধলা গ্রামের মৃত ওইল হকের ছেলে বানারুল ইসলাম(৫৫) এই জঘন্য কাজটি

করছে বলে জানিয়েছে প্রতিবন্ধী শিশুর পিতা।

শিশুর পিতা মেহেরপুর প্রতিদিনকে বলেন, গত কয়েক দিন যাবৎ আমার মেয়ে অসুস্থ বোধ করছে। এমন অবস্থায় গ্রাম্য ডাক্তারের কাছে চিকিৎসা করাতে নিয়ে যায়। সেখানেই আমার মেয়ে ঘটনাটি আমাকে ও ডাক্তারকে বলে। তিনি আরও বলেন, আমার মেয়ে মানসিক ভারসাম্যহীন। তার চাচাতো মামা সরলতার সুযোগ নিয়ে তাকে নিয়মিত ধর্ষণ করে আসছে। পরে সে অন্ত:স্বত্তা হয়ে পড়লে বিষয়টি নজরে আসে। পরে মেহেরপুর হুদা হেলথকেয়ার সেন্টারে নিয়ে আসা হলে পরীক্ষার মাধ্যমে ৪ মাসের অন্তঃসত্ত্বা ধরা পড়ে ।

অন্যদিকে বানারুল ইসলাম বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য প্রতিবন্ধীর পিতাকে নানাভাবে হুমকি দিয়ে আসছে।

এ বিষয়ে অভিযুক্ত বানারুল ইসলামের নামে মামলা করবেন বলে জানান প্রতিবন্ধী শিশুর পিতা।

গাংনীতে আজো শুরু হয়নি সরকারি ভাবে গম ক্রয়

মেহেরপুরের গাংনীতে নানা জটিলতার অজুহাতে আজো শুরু করা হয়নি সরকাররি ভাবে গম ক্রয়। এতে করে চাষিরা ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। অনেকেই প্রয়োজনে খোলা বাজারে গম বিক্রি করে দিয়েছেন। তবে সংশ্লিষ্ট দপ্তর বলছে অনতিবিলম্বে এ কার্যক্রম শুরু হবে।

জানা গেছে, গত ৬ মে এ উপজেলা গম ক্রয় শুরু হয়। ১৮৪৬ মেট্রিকটন লক্ষ্য মাত্রা গম ক্রয় শুরু করা হলেও মাত্র ১৩ টন গম ক্রয় করার পরপরই হঠাৎ ক্রয় কার্যক্রম স্থগিত করেন উপজেলা প্রশাসন। স্থানীয়ভাবে কৃষকদের তালিকা সংশোধন ও ত্রুটি রয়েছে বলে জনৈক আকরামুৃল হক একটি আবেদন করলে উপজেলা প্রশাসন গম ক্রয় বন্ধ রেখে তালিকা সংশোধনের জন্য কৃষি অফিসকে আদেশ দেন। প্রথম পর্যায়ে কৃষি অফিস শুধু সরকারী গুদামে গম বিক্রি করতে আগ্রহী ২১৯৫ জনের তালিকা

প্রদান করলেও পরবর্তীতে ৬০৪২ জনের তালিকা প্রস্তুত করে খাদ্য অফিসে প্রদান করা হয় পহেলা জুন।

গাংনী উপজেলা ওসিএলএসডি মতিয়ার রহমান জানান, কৃষি অফিস প্রথমে যে তালিকা প্রদান করে সে অনুযায়ি প্রতিজন কৃষকের কাছ থেকে সর্বোচ্চ তিন টন গম ক্রয় করা যাবে মর্মে গম ক্রয় শুরু করা হয়। কিন্তু একটি আবেদনের কারণে উপজেলা প্রশাসন গম ক্রয় বন্ধ রাখে। পরে কৃষি অফিস তালিকা সংশোধন করে পহেলা জুন অত্র অফিসে প্রেরণ করেন। তালিকা প্রস্তুত করতে দেরী হওয়ায় গম ক্রয় কার্যক্রম দেরিতে শুরু করতে হচ্ছে।

একটি সুত্র জানায়, প্রতি বছরই চাষিদের নামের তালিকা করতে দেরী হয় এবং গম ক্রয় করতেও বিলম্ব ঘটে। ফলে চাষিরা গম বাইরে বিক্রি করায় সরকারী গুদামে গম বিক্রি করতে পারে না। এতে করে চাষিদের কার্ডের বিপরীতে ব্যবসায়িরা গম বিক্রি করে। তাছাড়া স্থানীয় রাজনৈতিক দন্দের কারনেও গম ক্রয় দেরি হয় । ফলে যে সময় চাষিরা গম বিক্রি করে থাকেন তখন সরকারি ভাবে গম ক্রয় করা হয়না। স্থানীয় চাষীদের গম ফুরিয়ে যাবার পর গম ক্রয় শুরু হলে প্রকৃত গম চাষিরা গম বিক্রি থেকে বঞ্চিত হয় বলে জানান অনেকেই।

গাংনী উপজেলা কৃষি অফিসার কেএম সাহাবুদ্দীন আহমেদ জানান, প্রথমে যারা গম বিক্রিতে আগ্রহী শুধু তাদের নামটি তালিকা করে প্রদান করা হয়েছিল। পরে উপজেলা প্রশাসন থেকে সকল গম চাষির তালিকা দিতে বলা হলে নতুন করে তালিকা করা হয়। এজন্য একটু দেরী হয়েছে। তিনি আরো বলেন, বাইরে বাজার দর আর সরকারী দর একই ফলে অনেকেই সরকারী গুদামে গম বিক্রির অপেক্ষা না করেই বাইরে গম বিক্রি করছে। এখন অনেক কৃষকেরই ঘরে গম নেই। করোনা পরিস্থিতির কারনে এবছর গম ক্রয় বিলম্ব হয়েছে বলে দাবী কৃষি অফিসের।

এদিকে উপজেলা প্রশাসন থেকে জানানো হয় ইতোমধ্যে লটারী করে কৃষক বাছাই করা হয়েছে। তাড়াতাড়িই শুরু করা হবে গম ক্রয়।

গাংনীর সহড়াতলা সীমান্ত থেকে ভারতীয় মদ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা সীমান্তের সাজিপাড়া মোড় এলাকা থেকে ১৯ বোতল ভারতীয় মদ উদ্ধার করেছে বিজিবি।

শনিবার দুপুরে সহড়াতলা বিজিবি ক্যাম্প এর হাবিলদার কামরুজ্জামান একটি টহল দল নিয়ে সাজিপাড়া পৌছালে চোরা কারবারিরা একটি বস্তা ফেলে পালিয়ে যায়। এসময় বস্তাটি তল্লাশী করে ১৯ বোতল ভারতীয় বেঙ্গল টাইগার নামক মদ উদ্ধার করা হয়।

সহড়াতলা বিজিবি ক্যাম্প হাবিলদার কামরুজ্জামান জানান, মাঠের মধ্যে মদ উদ্ধার করা হয়েছে, কিন্তু পাট বড় হয়ে যাওয়ার কারনে মাদক পাচারকারীদের আটক সম্ভব হয়নি। বিজিবি’র টহল দলের উপস্থিতি টের পেয়ে মাদক কারবারিরা পালিয়ে যায়।

গাংনীতে স্বেচ্ছাসেবী সংগঠন বন্ধন এর ত্রাণ বিতরণ

করোনার কারণে কর্মহীন হয়ে পড়া দুস্থদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করেছে গাংনী উপজেলা ভিত্তিক স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক সংগঠন বন্ধন।

শনিবার দুপুরে সংগঠনের পরিচালক আব্দুস ছামাদ সোহাগের নিদের্শনায় গাংনী প্রেসক্লাব কার্যালয়ে এ ত্রাণ বিতরন করা হয় । ত্রাণের মধ্যে রয়েছে এক মাসের জন্য চাল, ডাল, তেল, আটা ও সবজি।

সংগঠনের মডারেটর শাহজাহান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রেসক্লাব সম্পাদক মাহাবুব আলম। এসময় সংগঠনের অন্যান্য সদস্য ওয়ালিদ আল জাবের প্লাবন, আবির হামজা রবিন ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

সংগঠনের পরিচালক আব্দুস ছামাদ সোহাগ জানান, করোনার কারণে অনেক খেটে খাওয়া দুস্থ ও অসহায় লোকজন কর্মহীন হয়ে পড়ে। এ সংগঠনটি অসহায়দের পাশে এসে তাদের খাবারের ব্যবস্থা করছে। এরই ধারা বাহিকতায় এ ত্রাণ বিতরন করা হয়।

গাংনীতে এক রাতে কৃষকের আট টি সেচ পাম্প গায়েব

মেহেরপুরের গাংনী পৌরসভার বাঁশবাড়ীয়া ও শিশিরপাড়ার মাদিয়ার মাঠে থেকে গত বুধবার দিবাগত রাত্রে বাঁশবাড়ীয়া গ্রামে আট টি সেচ পাম্প চুরি হয়েছে।

চুরি হওয়া সেচ পাম্পের মধ্যে মৃত ফয়জদ্দীনের ছেলে মাছিন আলীর (২)টি, মৃত মোবারক ছেলে আসমত আলীর (১)টি, মৃত খয়রদ্দিনের ছেলে জমির আলীর (১)টি, রেজাউল হকের ছেলে ছানোয়ারের (১)টি, মৃত মোবারক ছেলে আরফিন আলীর (১)টি, ২নং ওয়ার্ড শিশিরপাড়া মৃত দাউদ মন্ডলের ছেলে মনিরুল ইসলামের (১)টি, আজিমদ্দিন ছেলে বাইদুল্লাহর (১)টি সর্বমোট ৮টি সেচ পাম্প।

গাংনী পৌরসভার ১নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান (মদন) মেহেরপুর প্রতিদিন কে জানান, আমার ওয়ার্ডের ৫ জন কৃষকের ৬ টি মটর মাদিয়ার মাঠ থেকে চুরি হয়ে যায়। এই মাঠে প্রায় ১ হাজার বিঘা জমিতে বিভিন্ন ধরনের ফসল আবাদ হয়। ৮টি মটর চুরির কারনে গরীব কৃষকরা দিশেহার হয়ে পড়েছে।

গাংনী পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান মেহেরপুর প্রতিদিন কে জানান, প্রতিটি মটরের দাম ২৫ হাজার টাকা প্রায় ২ লক্ষ টাকা ক্ষতি হয়েছে গরীব কৃষকদের।

এই সংবাদ লেখার সময় পর্যন্ত গাংনী থানায় কোন সাধরণ ডাইরি হয়নি।